



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা ময়মনসিংহ বিভাগ,
ময়মনসিংহ।

www.dpe.mymensinghdiv.gov.bd

স্মারক নং-৩৮.৪৫.০০০০.০০০.২৭.১৬৮.২৩. ৪৩১

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৪

আদেশ

যেহেতু, জনাব সানজিদা হক, সহকারি শিক্ষক, মৌলভীরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর এর বিরুদ্ধে ০১/০৭/২০১৮ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) এবং বি. এস. আর (পার্ট-১) এর বিধি ৩৪ মোতাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর এর ০৩/১২/২০২৩ তারিখের জেপ্রাশিঅ/জামাল/বি-মা/২০২৩/২০৬২ নং স্মারকমূলে “চাকুরি হতে বরখাস্তকরণ” সূচক গুরুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, জনাব সানজিদা হক উক্ত দণ্ডদেশের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে এ দপ্তরে আপিল আবেদন করেন; এবং

যেহেতু, তিনি আপিল শুনানীতে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন; এবং

যেহেতু, তার আপিল আবেদন, আপিল শুনানীতে প্রদত্ত বক্তব্য, সরকার পক্ষের বক্তব্য, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১(১) ধারা অনুযায়ী মামলার যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনা, বি. এস. আর (পার্ট-১) এর বিধি ৩৪ অনুযায়ী একনাগারে ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পূর্বেই ০১/০২/২০২৩ তারিখ ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করা এবং সার্বিক বিবেচনায় আপিল আবেদন মঞ্জুরপূর্বক “চাকুরী হতে বরখাস্তকরণ” সূচক গুরুদণ্ডদেশ বাতিল করে তাকে চাকুরীতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব সানজিদা হক, সহকারি শিক্ষক, মৌলভীরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর এর উপর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর আরোপিত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী “চাকুরী হতে বরখাস্তকরণ” সূচক গুরুদণ্ডদেশ বাতিলপূর্বক তাকে চাকুরীতে পুনর্বহাল করা হলো। ০১/০৭/২০১৮ হতে ৩১/০১/২০২৩ পর্যন্ত এবং ০২/০২/২০২৩ তারিখ হতে অদ্যাবধি পর্যন্ত তার অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ আলী রেজা)

বিভাগীয় উপপরিচালক(চ.দা.)

02-997710283

ddpmyen@gmail.com

স্মারক নং-৩৮.৪৫.০০০০.০০০.২৭.১৬৮.২৩. ৪৩১(৫)

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩০
০৭ মে ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর। (উক্ত আদেশটি শিক্ষকের চাকুরি বহিতে লিপিবদ্ধ করার অনুরোধসহ)।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৫। জনাব সানজিদা হক, সহকারি শিক্ষক, মৌলভীরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৬। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আলী রেজা)

বিভাগীয় উপপরিচালক(চ.দা.)

02-997710283